উত্তরার বাসা থেকে সাবেক শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গ্রেপ্তার



সাবেক শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ছবি: সংগৃহীত

সাবেক শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে রাজধানীর উত্তরা থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার দিবাগত রাতে উত্তরার ৩ নম্বর সেক্টরের একটি বাসায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, ৩ নম্বর সেক্টরের ২ নম্বর সড়কের ১৩ নম্বর বাসায় বুধবার মধ্যরাত থেকে অভিযান শুরু হয়। রাত দেড়টার দিকে সেখান থেকে নুরুল ইসলাম নাহিদকে গ্রেপ্তার করে উত্তরা পশ্চিম থানা-পুলিশ।

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) উত্তরা বিভাগের উপপুলিশ কমিশনার মো. রেজাউল করিম গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন।

LENS ASIA